



# বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

“অথরিটি ভবন”

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাব্ব নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮০-২-৯১২৪৮৪৬

ফ্যাক্স : ৮৮০-২-৮১৮১০১৫

ই-মেইল : info@baera.gov.bd

ওয়েবসাইট : www.baera.gov.bd

## ইনোভেশন টিমের উল্লেখযোগ্য কর্মকাণ্ডের উপর ২০১৫ সালের বার্ষিক প্রতিবেদন

ক্রমিক নং	বিষয়	গৃহীত পদক্ষেপ	উল্লেখযোগ্য অগ্রগতি/অর্জন
১.	ইনোভেশন এর মাধ্যমে রেগুলেটরী সেবার মানোন্নয়ন	গত ৯ ডিসেম্বর ২০১৫ খ্রি. তারিখে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এর অধীন ৭টি দপ্তরের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এবং বাপশনিক এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।	সমঝোতা স্মারক সূচ্যু বাস্তবায়নে একসেস টু ইনফরমেশন (এটুআই) এর সাথে নিয়মিতভাবে যোগাযোগ স্থাপনে বাপশনিক এর ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হয়েছে।
২.	সার্ভিস ইনোভেশন ফান্ড প্রাপ্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ	একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এর সার্ভিস ইনোভেশন ফান্ডের আওতায় “BAERA E-Service Center to Ensure Fast, Cost Effective and Quality Licensing and Other Services” সেবা চালুকরণের জন্য আবেদন করা হয়েছিল।	গত ২৩ এপ্রিল ২০১৫ খ্রি. তারিখে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এর প্রতিনিধি দলের সাথে উক্ত বিষয়ে বাপশনিক এর দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়।
৩.	অনলাইন সেবা চালুকরণ	আভ্যন্তরীণ ই-সেবার আওতায় বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের (ইন্ডাস্ট্রিয়াল ও এক্স-রে) প্রশিক্ষণ ও পরীক্ষার আবেদন অনলাইনে চালু করা হয়েছে।	খুব সহজে বিকিরণ স্থাপনাসমূহে কর্মরত বিকিরণ কর্মীরা দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে বিষয়ভিত্তিক আবেদন করতে পারছেন। দেশের প্রান্তিক জেলা বরগুনা থেকেও আবেদন পাওয়া গিয়েছে।
৪.	ডিজিটাল ডকুমেন্টারি প্রদর্শন	গত ০৯/০২/২০১৫ থেকে ১২/০২/২০১৫ খ্রি. পর্যন্ত অনুষ্ঠিত “ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৫” প্রোগ্রামে প্রদর্শনের জন্য বাপশনিক এর একটি ডিজিটাল ডকুমেন্টারি তৈরী করা হয়েছে।	ডিজিটাল ডকুমেন্টারিটি প্রদর্শনের মাধ্যমে উক্ত প্রোগ্রামে আগত দর্শনার্থী ও স্টেকহোল্ডারদের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা হয়েছে।
৫.	লিফলেট বিতরণ	“ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৫” প্রোগ্রামে বিতরণের জন্য বাপশনিক এর একটি লিফলেট তৈরী করা হয়েছে।	“ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৫” প্রোগ্রামে বাপশনিক এর লিফলেট বিতরণ করা হয়েছে।
৬.	ওয়েব পোর্টাল সমৃদ্ধকরণ	জাতীয় তথ্য বাতায়নের অধীন নির্মিত অত্র প্রতিষ্ঠানের ওয়েব পোর্টালটি (baera.portal.gov.bd) নিয়মিতভাবে তথ্য সমৃদ্ধকরণ ও হালনাগাদ করা হচ্ছে।	সেবা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি (বাপশনি আইন-২০১২, পানিবিধি বিধিমালা-১৯৯৭, কর্মকর্তাদের তালিকা ও যোগাযোগের নম্বর, সকল প্রকার নোটিস, সিটিজেন চার্টার, টেন্ডার বিজ্ঞপ্তি, প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ইত্যাদি) অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইটে (www.baera.gov.bd) প্রকাশের মাধ্যমে স্টেকহোল্ডাররা খুব সহজেই কর্তৃপক্ষের সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে অবহিত হতে পারছেন।